

তাহজিব ইনসিটিউট

বিশ্ববৰ্দ্ধ মুসলিম জগন্নার্জনের উন্নত প্লাটফর্ম

www.tahzibinstitute.com

দারস ১২

বিষয়: গুন্নাহ (নুন সাকিন ও তানবীন)

আরবী পাঠের গুরুত্বপূর্ণ একটি বিষয় হলো, গুন্নাহ। ইতোপূর্বে আমরা ‘ওয়াজিব গুন্নাহ’ পড়েছি। আজকের দারসে আমরা নুন সাকিন ও তানবীনের গুন্নাহসমূহের নিয়ম দেখবো। আমরা আগেও জেনেছি, নুন সাকিন ও তানবীনের মাঝে সম্পর্ক বিদ্যমান। যেমন, $\text{مُنْ} = \text{لُنْ}$, $\text{مُنْ} = \text{لُنْ}$

মনে রাখুন: গুন্নাহ ছাড়া হরফ ৮ টি, ل, ر, خ, ح, ع, ق, د, ز

একটি সাধারণ নিয়ম: নুন সাকিন অথবা তানবীনের পর গুন্নাহ ছাড়া ৮টি হরফের যে কোন একটি হরফ আসলে গুন্নাহ ছাড়া স্পষ্ট করে পড়তে হয়।

বিপরীত, নুন সাকিন অথবা তানবীনের পর গুন্নাহ ছাড়া ৮টি হরফ ব্যতীত অন্য যে কোনো হরফ আসলে গুন্নাহ করে পড়তে হয়।

নুন সাকিন ও তানবীনের নিয়মসমূহের মধ্যে তিন অবস্থায় গুন্নাহ হবে এবং তিন অবস্থায় গুন্নাহ হবে না। সেগুলোর নামসহ বিস্তারিত প্রকার এবার আলোচনা করা হবে। আজকের দারসে নুন সাকিন ও তানবীনের পরে গুন্নাহ'র তিন অবস্থা নিয়ে আলোচনা হলো।

পাঠ ১: ইখফা = الْخَفَاءُ (লুকিয়ে গুন্নাহ করা)

ইখফার হরফ ১৫টি: ت, ث, ج, د, ذ, ز, س, ش, ص, ض, ط, ظ, ف, ق, ك

মুখস্থ করুন: নুন সাকিন অথবা তানবীনের পর ইখফার ১৫ টি হরফের যে কোনো একটি হরফ আসলে ঐ নুন সাকিন অথবা তানবীনকে (নাকের ভিতরে) গুন্নাহ করে পড়তে হয়। এটাকে ইখফায়ে হাকিকি বলে।

অনুশীলনী

إِنْ كُنْتُمْ ○ يَنْطِقُ ○ فَأَنْصَبْ ○ مَنْثُرًا ○ وَالْأُنْثِي ○

○ ظِلَّا ظَلِيلًا ○ إِنْ كُنْتَ تَقِيَّا ○ قُوَّا سَدِيرًا ○ مِنْ قَبْلِكَ

পাঠ : ইদগাম = الْإِدْغَام (মিলিয়ে পড়া)

ইদগামের হরফ ৬টি, মনে রাখার সুবিধার্থে একত্রে আছে। য, র, ম, ল, ও, ন। ইদগামকে দুভাগে ভাগ করা হয়। ১. ইদগাম বিল গুলাহ (গুলাহসহ মিলিয়ে পড়া), ২. ইদগাম বিলা গুলাহ (গুলাহ ছাড়া মিলিয়ে পড়া) এটা আমরা পরে দেখব। এখানে আমরা শুধু ইদগাম বিল গুলাহ দেখব।

ইদগাম = য, র, ম, ল, ও, ন

ইদগাম বিল গুলাহ = য, র, ম, ল, ও, ন

ইদগাম বিলা গুলাহ = র, ল

মুখ্য করুণ: ইদগাম বিল গুলাহ'র হরফ ৪টি, ন নুন সাকিন অথবা তানবীনের পর ইদগাম বিল গুলাহ'র যে কোনো একটি হরফ আসলে উক্ত হরফকে তাশদিদ দিয়ে গুলাহ করে পড়তে হয়। এটাকে 'ইদগাম বিল গুলাহ' বলে।

অনুশীলনী

○ مَنْ يَخْشِي ○ يَوْمًا يَجْعَلُ ○ إِلَهًا وَاحِدًا ○
 ○ مِنْ نُطْفَةٍ ○ عَامِلَةٌ نَاصِبَةٌ ○ عَذَابًا مُهِينًا ○
 ○ مِنْ مَالٍ ○ مِنْ وَالِّ ○

পাঠ : ইকুলাব = الْإِقْلَاب (পরিবর্তন করে পড়া)

ইকুলাব মানে পরিবর্তন করা। ইকুলাবের হরফ মাত্র ১টি, ব।

মুখ্য কর্ম: নুন সাকিন অথবা তানবীনের পর ইকুলাবের হরফ ‘বা’ আসলে, ঐ নুন সাকিন অথবা তানবীনকে ‘মীম’ দ্বারা পরিবর্তন করে পড়তে হয়। এটাকে ইকুলাব বলে।

অনুশীলনী

بِذَنْبِهِمْ ○ مِنْ بَأْسٍ ○ أَنْبَتَنَا فِيهَا ○ مِنْ بَقْلَهَا ○
جَزَّاءً بِمَا تَعْمَلُونَ ○ عَلِيهِمْ بِالظَّالِمِينَ ○ مِمَّا تُنْبِتُ الْأَرْضُ ○



তাহজিব ইনসিটিউট

দ্বীনি জ্ঞানার্জনের উন্নুক্ত প্লাটফর্ম
www.tahzibinstitute.com
01730986832 (WhatsApp)